


ভর্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৭৯৫ আসনে ভর্তি, প্রবেশপত্র ডাউনলোড ২৮ এপ্রিল

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৭ এপ্রিল ২০২৫, ১১: ০০



দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আগামী ৫ মে থেকে শুরু হবে। ওই দিন ‘এ’ ইউনিটের পরীক্ষা হবে। এরপরে ৬ মে ‘বি’ ইউনিট, ৭ মে ‘সি’ ও ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৮ এপ্রিল বিকেল ৫টা থেকে ডাউনলোড করতে পারবেন আবেদনকারী শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের [ওয়েবসাইটে](#) গিয়ে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন শিক্ষার্থীরা।

এন্ডোরল্যান্ডসে স্কলারশিপ, আইইএলটিএস ৬.৫ বা টোয়েফলে ৯০ থাকলে আবেদন

আসন কত

এবার ১ হাজার ৭৯৫টি আসনে শিক্ষার্থী ভর্তি নেবে দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৫ শতাংশ, ক্ষুদ্র জাতিগোষ্ঠীদের জন্য ১ শতাংশ, বিশেষ চাহিদাসম্পন্ন ২ জন, পোষ্য কোটায় ১ শতাংশ, বিকেএসপি থেকে পাস করা শিক্ষার্থীদের জন্য ৫টি এবং বিদেশ শিক্ষার্থীদের জন্য ৮০টি আসন সংরক্ষিত থাকবে।

পরীক্ষা পদ্ধতি

ভর্তি পরীক্ষা বহুনির্বাচনি (এমসিকিউ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

